গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি ওয়েস্ট শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) এর অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৪ সেপ্টেম্বর, ২০২১
সময় : দুপুর ২.৩০ মিনিট
স্থান : সভা কক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অতীতের ধারাবাহিকতায় এবারও NIS এর ক্ষেত্রে আমাদের সফলতা ধরে রাখতে হবে। প্রশিক্ষণ/ফিডব্যাকের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে ত্রুটি সংশোধন, দক্ষতা বৃদ্ধির মাধ্যমে অবস্থার আরো উন্নীত করতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব, জনাব দীপঙ্কর মন্ডল অধীনস্ত দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রমের বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার সর্বাত্মক প্রচেষ্টা নেয়ার উপর সভা গুরুত্বারোপ করে। সভায় বিশেষ করে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে। NIS কর্ম-পরিকল্পনাভূক্ত যে সকল কার্যক্রম বাস্তবায়ন বাস্তব অবস্থার জন্য কোন কারণে অসম্ভব হলে সে সকল কার্যক্রম এ বিভাগের আগামী নৈতিকতা কমিটির সভার পূর্বেই স্ব-স্ব নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে সংশোধন করতে হবে। লক্ষ্য রাখতে হবে যে সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন চ্যালেঞ্জিং সে সকল কার্যক্রম বাস্তবায়নে অধিকতর সাবধানতা অবলম্বন করতে হবে।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (২) | NIS কর্ম-পরিকল্পনাভূক্ত যে সকল কার্যক্রম বাস্তবতার নিরীখে বাস্তবায়ন প্রায় অসম্ভব হবে সংগত কারণ উল্লেখপূর্বক সে সকল কার্যক্রম স্ব-স্ব নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে এ বিভাগের নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৩) | সকল সংস্থা ২০২০-২০২১ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (৪) | ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রথম প্রান্তিকের কার্যক্রমসমূহের সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রমাণকসমূহ নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৪.০ আর কোনো আলোচনা না থাকায় এবং সকলের সহযোগিতার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১/৯/২১
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৬২.০৬.০০৯.২১-২২

তারিখ : ০৬ আশ্বিন, ১৪২৮ / ২১ সেপ্টেম্বর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

২১/৯/২০২১

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি ওয়েস্ট শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৪ সেপ্টেম্বর, ২০২১
সময় : বিকাল ৩.৩০ মিনিট
স্থান : সভা কক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি শুরুতেই বলেন বিগত সময়ের নিয়মাবলীর সাথে এ বছর কিছু নতুন বিষয় যুক্ত হয়েছে। বিশেষ করে NIS বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের তথ্য গ্রহণযোগ্য হবে মূলতঃ দাখিলকৃত প্রমাণকের উপর। প্রমাণক সঠিক হলে নম্বর প্রদান করা হবে, প্রমাণক ভুল হলে নম্বর পাওয়া যাবে না। সে বিষয়টি বিবেচনায় রেখে প্রশিক্ষণ/ফিডব্যাকের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে ত্রুটি সংশোধন, দক্ষতা বৃদ্ধির মাধ্যমে অবস্থার আরো উন্নীত করতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব, জনাব দীপঙ্কর মন্ডল অধীনস্ত দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় NIS ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভায় এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার দাখিলকৃত NIS ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির প্রমাণকসমূহ পর্যালোচনা করা হয়। অধীনস্ত সকল দপ্তর/সংস্থার দাখিলকৃত NIS ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির স্বপক্ষে মন্ত্রিপরিষদ বিভাগের NIS প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ মোতাবেক কতিপয় কার্যক্রমের বিপরীতে প্রমাণক যথাযথভাবে পাওয়া যায়নি। সংশ্লিষ্ট ক্ষেত্রে কার্যক্রমসমূহের বাস্তবায়নের স্বপক্ষে বাকী সকল প্রমাণক আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রেরণ করার উপর সভা গুরুত্বারোপ করে।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | অধীনস্ত দপ্তর/সংস্থার দাখিলকৃত যে সকল কার্যক্রমের বিপরীতে প্রমাণক দেয়া হয়নি সে সকল কার্যক্রমের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের NIS প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ অনুসরণে আগামী তিন কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল |

৪.০ আর কোনো আলোচনা না থাকায় এবং সকলের সহযোগিতার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১/৯/২১
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৬২.০৬.০৭০.২০-২৩

তারিখ : ০৬ আশ্বিন, ১৪২৮ / ২১ সেপ্টেম্বর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

২১/৯/২০২১

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd